জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২১-২০২২/৮৫৪ তারিখঃ 04/01/2022 ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১২/০১/২০২২ তারিখ রোজঃ বুধবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। যৌতুকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।
৩। শিশু শ্রম বন্ধে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।

৪। বিবিধ।

(মোছাঃ মুন্নজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.........................................................

.........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১২-০১-২০২২ইং
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ যৌতুকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর অত্র কমিটির সভাপতি মহোদয় বলেন, যৌতুক হলো একটি সামাজিক ব্যাধি। যৌতুক নেয়া ও যৌতুক দেয়া উভয়ই সমান অপরাধ। এ প্রসঙ্গে কমিটির সম্মানিত সদস্যা, জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস ঝর্ণা বলেন, মূলতঃ অশিক্ষিত, অস্বচ্ছল ও অসচেতন জনগোষ্ঠীর মধ্যে যৌতুক নেয়া ও দেয়ার কাজটি বেশী ঘটে থাকে। এইসব জনগোষ্ঠীতে ছেলে বা বর আর্থিক ভাবে স্বাবলম্বী হওয়ার অজুহাতে মেয়ে বা কন্যা পক্ষের নিকট যৌতুক দাবী করে থাকে। মেয়ের পিতা-মাতা কন্যার সুখের জন্য বাধ্য হয়ে সহায় সম্বল বিক্রয় করে ছেলের হাতে যৌতুকের টাকা তুলে দেয়। আর দিতে না পারলে মেয়ে বা কনের জীবনে নেমে আসে অত্যাচার, নির্যাতন সহ নিষ্ঠুর অভিশাপ। এই অবস্থা থেকে উত্তোরণের একমাত্র পথ বিশেষ করে কন্যা সন্তানদের শিক্ষিত করে স্বাবলম্বী করে তোলা। এ প্রসঙ্গে কমিটির সদস্য জনাব মোঃ সাহেদুল আহসান, কাউন্সিলর,ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা বলেন, অত্র পৌরসভায় অবস্থিত বিভিন্ন মানবাধিকার সংগঠন সহ নারীদের ভাগ্য উন্নয়নে যেসব সংগঠন সমূহ কাজ করে তাহাদের সহিত যোগাযোগ সাপেক্ষে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। বিষয়টির উপর বিস্তারিত আলোচনা অন্তে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) যৌতুকের ক্ষতিকর দিক সমূহ জনসাধারণের মাঝে তুলে ধরে যৌতুক বিরোধী অভিযান সার্থক করার লক্ষ্যে পৌর কাউন্সিলরগণ কমিটিতে গুরুত্ব সহকারে বিষয়টি আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) জয়পুরহাট পৌরসভায় অবস্থিত জেলা মহিলা বিষয়ক অফিস সহ বিশেষ করে নারীদের ভাগ্য উন্নয়নে কাজ করে এমন সকল সংগঠনের সহিত যোগাযোগ সাপেক্ষে যৌতুক বিরোধী অভিযান সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে সমন্বিত ভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩নং আলোচ্য বিষয় ঃ শিশু শ্রম বন্ধে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভার সভাপতি মহোদয় বলেন, কিশোর শ্রম, একটি বড় সামাজিক সমস্যা। সমাজের এক শ্রেনীর মানুষ তাদের হীন স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে দারিদ্রতার সুযোগ নিয়ে তাদের ব্যবসায়িক প্রতিষ্ঠানে প্রাপ্ত বয়স্ক কর্মচারী/লেবার নিয়োগের পরিবর্তে স্বল্প মজুরীতে ছোট ছোট শিশু-কিশোরদের কাজে নিয়োগ করে থাকে। ফলে ঐ সব শিশুরা শিক্ষা অর্জন থেকে বঞ্চিত হয়। এ প্রসঙ্গে কমিটির সম্মানিত সদস্য জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস ঝর্ণা বলেন, দারিদ্রতার কারণে অনেক পরিবারের অভিভাবকগণ তাদের শিশু সন্তানদের বিভিন্ন প্রতিষ্ঠানে কাজে লাগায়। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) জয়পুরহাট পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্ব-স্ব কাউন্সিলরগণের নেতৃত্বে ওয়ার্ডের সকল মহল্লার গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে বিভিন্ন সভা সমাবেশে শিশু শ্রম বন্ধ করার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) জয়পুরহাট পৌরসভার সকল স্বাস্থ্যকর্মী ও মাঠকর্মীগণ মাঠ পর্যায়ে কাজ করার সময় বিশেষ করে দরিদ্র পরিবারের অবিভাবকগণকে তাদের শিশুদের উপার্জনের কাজে না লাগিয়ে তাদের যেন লেখাপড়া করার জন্য স্কুলে পাঠায় সে বিষয়ে কর্মীগণ অবিভাবকগণকে উদ্বুদ্ধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

তারিখ ঃ ২১/০১/2022 ইং

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২১-২০২২/ ৬৭৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১২/০১/২০২২ ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্‌সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |